মৃত্যুর আগ পর্যন্ত থিয়েটারে কাজ করে যেতে চাই: অভিনেতা মারুফ আহমদ

চেম্বার প্রতিবেদক: সিলেটি মিডিয়া পাড়ার অভিনয় জগতে পরিচিত মুখ মারুফ আহমদ। তিনি কয়েক বছর থেকে নিয়মিত কাজ করছেন নাটক, মডেলিং, থিয়েটার ও মুভিতে।

নাটকে অভিনয় করে নির্মাতাদের কাছে এরই মধ্যে অভিনেতা হিসেবে আস্থা তৈরি করতে সক্ষম হয়েছেন মারুফ আহমদ। বযসে একবারে তরুণ মারুফ আহমদ কম সময়ে দর্শকদেরও মনে জায়গা করে নিয়েছেন।
সম্প্রতি কথা হয় তরুণ অভিনেতা মারুফ আহমদের সাথে। সাক্ষাৎকারটি নিয়েছেন সাংবাদিক এম এ ওয়াহিদ চৌধুরী। নিচে সাক্ষাৎকারটি পাঠকদের উদ্দেশ্য তুলে ধরা হলো।

প্রশ্ন: প্রথমেই জানতে চাই আপনার জন্ম বেড়ে ওঠা?

মারুফ আহমদ: আমি সিলেটের কানাইঘাট উপজেলার ঝিংগাবাড়ীতে ১৯৯১ সালে জন্মগ্রহণ করি। সেখানেই আমার বেড়ে ওঠা। শৈশব বাড়ীতেই কেটেছে। তারপর আমি সিলেট শহরে চলে আসি।

প্রশ্ন: আপনার অভিনয় জীবন শুরু কিভাবে?

মারুফ আহমদ: আমি ছোটবেলা থেকেই একটু রোমান্টিক প্রকৃতির ছিলাম। গান-বাজনা,নাটক, ছবি এসব দেখতে আমার ভাল লাগতো। ২০১২ সালে এইচএসসি পাসের পর আমি সংস্কৃতি চর্চা শুরু করি। মডেলিং, নৃত্য ও নাট্যচর্চা দিয়ে কাজ শুরু করি। এভাবেই নিজেকে অভিনয় জগতে নিয়ে আসি।

প্রশ্ন: ক্যারিয়ার নিয়ে আপনার পরিকল্পনা কী?

মারুফ আহমদ: এখন পুরোদস্তুর অভিনেতা হয়ে উঠতে চাই। চাকরির চেষ্টা করেছিলাম, পেয়েছিলামও। কিন্তু অভিনয় ছেড়ে থাকতে পারিনি। প্রথমে ভালো একজন মানুষ হতে চাই, পরে আমৃত্যু অভিনয় করব। চরিত্রের মধ্যেই নিজেকে আবিষ্কার করব। অভিনয় আমার কাছে একটা পরীক্ষা। এই পরীক্ষার মাধ্যমেই আগামী দিনগুলোতে এগোতে চাই।

প্রশ্ন: অভিনয়ে আপনার অনুপ্রেরণা কে?

মারুফ আহমদ: সালমান শাহ, শাহরুখ খান।

প্রশ্ন: প্রথম কার অভিনয় দেখে মুগ্ধ হয়েছেন?

মারুফ আহমদ: প্রয়াত হুমায়ুন ফরিদী স্যার।

প্রশ্ন: এ পর্যন্ত কতটি কাজ করেছেন?

মারুফ আহমদ: আমি কাজ করি থিয়েটারের নাটক (১)সুখের খোঁজে সুকলাল
(২) বুদ্ধ ভূমির শেষ দৃশ্য (৩) ওরা তিনজন।
মডেলিং এর কাজ করি দশটারও বেশি, শো-তে রেম্প মডেল হিসাবে ব্র্যান্ডিংয়ের কাজ করি, মাখো ব্র্যান্ডের ব্রান্ড মডেল হিসেবে এবং একটা মুভিতে অভিনয় করি মুভির নাম “সংগ্রাম” ডিরেক্টর বাই মনসুর আলী এটা ২০১৪ সালের শেষ দিকে সেটা মুক্তি পাবে।
আরও একটা মুভিতে অভিনয় করতেছি নাম “দা ফোর্স” ডিরেক্টর বাই জি এম ফুরুক।
আরো কয়েকটা মুভিতে কাজ করার জন্য নিজেকে প্রস্তুত করে নিচ্ছি।

প্রশ্ন: নাটকের মুল চরিত্র কি?

মারুফ আহমদ: বদলে যাও-বদলে দাও এটাই আমার মুল চরিত্র। মানুষ ভাল কাজ দেখে যাতে বদলাতে পারে। অর্থাৎ, দেখে বদলাই, শিখে বদলাই।

প্রশ্ন: নাটকে তো নিয়মিত অভিনয় করছেন?

মারুফ আহমদ: এখন পর্যন্ত করে যাচ্ছি।

প্রশ্ন: অভিনয়ের বাইরে কোনো শখ রয়েছে?

মারুফ আহমদ: অনেক আগে থেকেই আমার গাড়ির শখ। এই যেমন গাড়ি চালানো, কেনা-বেচা, পুরনো গাড়ি কিনে তা আবার মডিফাই করা ইত্যাদি। এ কাজগুলো আমি খুব আনন্দ নিয়ে করি।

প্রশ্ন: রোমান্টিকতা কি কখনো মনের মাঝে আসে?

মারুফ আহমদ: কেন নয়? অবশ্যই। প্রেম ছাড়া কি আর জীবন চলে…..

প্রশ্ন: ক্যারিয়ার হিসেবে অভিনয় কতটা নির্ভরযোগ্য বা সমোপযোগী বলে মনে করেন?

মারুফ আহমদ:আমি সর্বদাই পজিটিভ চিন্তা করি।

প্রশ্ন: নতুন যারা অভিনয়ে আসতে চায় তাদের কি কি ধরনের গুনাবলী থাকা আবশ্যক বলে মনে
করেন?
মারুফ আহমদ: কনফিডেন্স এন্ড ডেডিকেশন।